

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪-৩৫৬

তারিখঃ ০৩ ফাল্গুন, ১৪২৩বং
১৫ ফেব্রুয়ারি, ২০১৭খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):(Phase-2)(1st Revised)]- শীর্ষক প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মপরিকল্পনা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):(Phase-2)(1st Revised)]- শীর্ষক প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থবছরের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা মোট ১০,০০০টি প্রতি উপজেলায় গড় লক্ষ্যমাত্রা ১৫২টি যা স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.১৪-২০৩, তারিখঃ ১৪/১১/২০১৬খ্রিঃ এর মাধ্যমে পুনঃনির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের জন্য উপজেলা পর্যায়ে গৃহীত কর্মপরিকল্পনা নিম্নবর্ণিত ছকে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলোঃ

২০১৬-১৭ অর্থবছরের প্রতি উপজেলায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা	২০১৬-১৭ অর্থবছরের জানুয়ারি/১৭ পর্যন্ত অগ্রগতি (সংখ্যা)	২০১৬-১৭ অর্থবছরের অবশিষ্ট সময়ের বায়োগ্যাস প্লান্ট স্থাপন কর্মপরিকল্পনা					মোট (২+...৭ পর্যন্ত)
		ফেব্রুয়ারি/১৭ (সংখ্যা)	মার্চ/১৭ (সংখ্যা)	এপ্রিল/১৭ (সংখ্যা)	মে/১৭ (সংখ্যা)	জুন/১৭ (সংখ্যা)	
১	২	৩	৪	৫	৬	৭	৮
ন্যূনতম ১৫২টি (তদুর্ধ্ব যত বেশী সম্ভব)							

- ০২। ২০১৬-২০১৭ অর্থবছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে প্রকল্প এলাকার জনগণকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধকরণের জন্য ব্যাপক প্রচারণা (ওরিয়েন্টেশন প্রশিক্ষণ, লিফলেট বিতরণ, জনসংযোগ ও জনপ্রতিনিধিগণের সহায়তা, যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন ইত্যাদি) চালাতে হবে। গ্রামে গ্রামে জনসংযোগ করে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধ জনগোষ্ঠিকে দ্রুত কারিগরি ও প্রযোজ্য ক্ষেত্রে ঋণ সহায়তা প্রদান করে বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে। বর্ষাকালে উঁচু স্থানে এবং বিশেষ ব্যবস্থায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে এবং অন্য সময়ে বেশী সংখ্যায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে।
- ০৩। এমতাবস্থায়, বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী বর্ণিত ছকে তথ্য প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, যারা লক্ষ্যমাত্রার অতিরিক্ত বায়োগ্যাস প্লান্ট স্থাপনে সক্ষম হবেন তাদের জন্য যথাযথ স্বীকৃতি, মূল্যায়ন ও প্রনোদনার ব্যবস্থা করা হবে।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

ফোন- ৯৫৮৮৩৯২, ফ্যাক্স-৯৫৭৮১০৪

e-mail:pdimpactphase2dyd@gmail.com

প্রাপক,

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,

.....(৬৬ উপজেলা)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(৬১ জেলা)।

০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাঁকে আদেশটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৩। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/উপজেলা বায়োগ্যাস সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,..... (৬৬ উপজেলা)।

০৪। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/কমিউনিটি সুপারভাইজার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,..... (৬৬ উপজেলা)।

০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। অফিস কপি।